



পুন: নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলা কনডেমনেশন কমিটির ০৯/০৯/২০২৬খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ প্রাঙ্গনে অবস্থিত সুপারিনটেনডেন্ট এর পুরাতন বাসভবন, পুরাতন স্টাফ কোয়ার্টার এবং পুরাতন গার্ড কোয়ার্টার উন্মুক্ত নিলামে বিক্রয়ের জন্য আগামী ২৮/০৯/২০২৬খ্রি: তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ প্রাঙ্গনে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

উক্ত নিলাম ডাকে আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/ফার্ম/ব্যক্তিগণকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে নিলাম কমিটির সদস্যগণের উপস্থিতিতে উন্মুক্ত নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য আহবান করা যাচ্ছে।

ক্র: নং	কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	নিলাম জামানত (ফেরৎযোগ্য)	কার্য সম্পাদনের সময়
০১	১। সুপারিনটেনডেন্ট এর পুরাতন বাসভবন ২। পুরাতন স্টাফ কোয়ার্টার ৩। পুরাতন গার্ড কোয়ার্টার	মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মেহেরপুর।	৬৫০০/-	১০ (দশ) দিন

শর্তাবলী :

- ১) সর্বনিম্ন নিলাম দর ৬৫,৬৮৫/- (পয়ষটি হাজার ছয়শত পঁচাশি টাকা মাত্র), নিলামে অংশগ্রহণকারী দরদাতাগণকে অধ্যক্ষ, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ বরাবর ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা (ফেরৎযোগ্য) পে-অডার/ব্যাংক ড্রাফট জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- ২) নিলামে অংশগ্রহণকারীর এনআইডি কার্ডের ফটোকপি, হালনাগাত ট্রেড লাইসেন্স এর কপি এবং নিলাম জামানত ২৮/০৯/২০২৬খ্রি: সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।
- ৩) অফিস চলাকালীন অত্র প্রতিষ্ঠানে অবস্থিত সুপারিনটেনডেন্ট এর পুরাতন বাসভবন, পুরাতন স্টাফ কোয়ার্টার এবং পুরাতন গার্ড কোয়ার্টার সরজমিনে দেখে নিতে হবে।
- ৪) সরকারি বিধি মোতাবেক নিলাম গ্রহীতাকে নিলামের সর্বোচ্চ মূল্যের সাথে ভ্যাট ও আয়কর (যথাক্রমে ১৫% ও ১০%) চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
- ৫) নিলাম সম্পন্ন হওয়ার পর কোয়ার্টারের ক্ষয়ক্ষতি হলে কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।
- ৬) সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত মূল্য কমিটির সদস্য কর্তৃক উপযুক্ত বলে বিবেচিত হলে ২৮/০৯/২০২৬খ্রি: দুপুর ১.০০ ঘটিকার মধ্যে সমুদয় টাকা (ভ্যাট ও আয়করসহ) সরকারি কোষাগারে জমা প্রদানের চালান কপি অত্র দপ্তরে জমা দিতে হবে অন্যথায় নিলাম ডাক বাতিল এবং জমাকৃত জামানত মূল্য বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।
- ৭) কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারকে ১০ (দশ) দিনের মধ্যে ভবন/স্থাপনা ভেঙ্গে নিজ খরচে এবং নিজ দায়িত্বে অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে।
- ৮) বর্ণিত স্থাপনাগুলো অপসারণের সময় যদি প্রতিষ্ঠানের কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি হয় তবে ঠিকাদার/ফার্ম/ব্যক্তি তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবে।
- ৯) কোন কারণ দর্শানো ছাড়া মূল্য নিলাম কমিটির নিকট গ্রহণ যোগ্য না হলে কর্তৃপক্ষ নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০) অনভিপ্রেত ভুল ত্রুটি সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(আবদুল লতিফ মিয়া)
সদস্য সচিব, নিলাম কমিটি
ও অধ্যক্ষ


মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মেহেরপুর।

তারিখ: ২০/০৯/২০২৬খ্রি:
২০/৯/২৬

স্মারক নম্বর ৫৭.০৩.৫৭৮৭.৪৯৫.০০১.০০.০০০০.২৬-২৬৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মেহেরপুর, আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর, আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ৭। নোটিশ বোর্ড অত্র প্রতিষ্ঠান, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ৮। সংরক্ষণ নথি।


(আবদুল লতিফ মিয়া)
সদস্য সচিব, নিলাম কমিটি
ও অধ্যক্ষ

০/৮